তারিখ ...13 MAY 2016 ...
পৃষ্ঠা ...২... কলাম ৬... ......

কালের কণ্ঠ

# 'সোচ্চার না হলে হত্যা থামবে না'

## কাল রাবিতে তিন মন্ত্রী-প্রতিমন্ত্রী যাচ্ছেন

**রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷**

'অধ্যাপক রেজাউলের মতো সৎ, নিষ্ঠাবান মানুষকে নৃশংসভাবে খুন করা হলো। তাঁর মতো মানুষকে যদি খুন করা হয়, তাহলে আমরা সবাই হত্যার উপযোগী, সবাই হত্যার সহযাত্রী। তাই আসুন আমরা সবাই এসব হত্যাকাণ্ডের বিরুদ্ধে সোচ্চার হই। তা ছাড়া হত্যার মিছিল থামবে না।'



অধ্যাপক রেজা হত্যাকাণ্ড

গতকাল বৃহস্পতিবার সকাল ১০টায় রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনের সামনে শিক্ষক সমিতির মানববন্ধনে এসব কথা বলেন শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক আনসার উদ্দীন। মানববন্ধনে সংহতি প্রকাশ করে যোগ দেন ইংরেজি বিভাগের শিক্ষক শিক্ষার্থীরা। পরে তাঁরা একটি মৌন মিছিল বের করে ক্যাম্পাস প্রদক্ষিণ করে 'মুকুল প্রতিবাদ ও সংহতি মঞ্চে' এসে সমাবেশ করেন।

এদিকে অধ্যাপক সিদ্দিকী হত্যাকাণ্ডের প্রতিবাদ ও বিচার দাবিতে আগামীকাল শিক্ষক-ছাত্র সমাবেশে যোগ দিচ্ছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল, শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ, পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম। দুপুর ১২টায় বিশ্ববিদ্যালয়ের কাজী নজরুল ইসলাম মিলনায়তনে এ সমাবেশ অনুষ্ঠিত হবে।

গতকাল মানববন্ধনে শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক শহীদুল্লাহ বলেন, 'শিক্ষকদের এভাবে হত্যা করা হলে জাতি মেধাশূন্য হয়ে পড়বে। তাই সরকারকে-প্রশাসনকে বলছি, আমাদের হৃদয়ে যে রক্তক্ষরণ, ব্যথা তা আপনারা বোঝেন না?' এ সময় তিনি নাগরিক সমাজকে এগিয়ে আসার আহ্বান জানান।

শিক্ষক সমিতির যুগ্ম সাধারণ সম্পাদক অধ্যাপক ইসমাইল হোসেনের সঞ্চালনায় মানববন্ধনে আরো বক্তব্য দেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ফয়জার রহমান, দর্শন বিভাগের অধ্যাপক এস এম আবু বকর, বাংলা বিভাগের প্রভাষক গৌতম গোস্বামী ও ফলিত রসায়ন ও রসায়ন প্রকৌশল বিভাগের প্রভাষক দিলীপ কুমার সরকার। এ সময় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মুহম্মদ মিজানউদ্দিন, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মু. এন্তাজুল হক, প্রক্টর অধ্যাপক মজিবুল হক আজাদ খানসহ দুই শতাধিক শিক্ষক-শিক্ষার্থী-কর্মকর্তা-কর্মচারী উপস্থিত ছিলেন।